

উপাচার্য দেওয়া হচ্ছে শাহজালাল ও কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে

নিজস্ব প্রতিবেদক ●

সিলেটে অবস্থিত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গত ফেব্রুয়ারি থেকে প্রায় পাঁচ মাসে নিয়মিত উপাচার্য দিতে পারেনি সরকার। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ইলিয়াস উদ্দীন দীর্ঘ সময় ধরে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপাচার্যের দায়িত্ব পালন করছেন।

শিকা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, যোগ্য শিক্ষক না পাওয়ায় উপাচার্য দিতে সেরি হয়েছে। তবে এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক মো. আমিনুল হক কুইয়াকে উপাচার্য পদে নিয়োগ দেওয়ার নীতিগত সিদ্ধান্ত হয়েছে।

শিকামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ প্রথম জগ্নোকে বলেন, শাহজালাল বিশ্ববিদ্যালয়ে সিগনির নিয়মিত উপাচার্য নিয়োগ দেওয়া হবে।

শিকা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয়ের সূত্রমতে, আগের উপাচার্য মো. সালেহ উদ্দিনের মেয়াদ শেষ হয় গত ২৫ ফেব্রুয়ারি। এর প্রায় এক মাস পর গত ২০ মার্চ এই বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মো. ইলিয়াস উদ্দীনকে সাময়িকভাবে উপাচার্যের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়। এ বিষয়ে শিকা মন্ত্রণালয় থেকে জারি করা জগ্নোপে বলা হয়, পরবর্তী উপাচার্য নিয়োগ না হওয়া পর্যন্ত কোষাধ্যক্ষ ইলিয়াস উদ্দীন নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপাচার্যের সাময়িক দায়িত্ব পালন করবেন।

তখন শিকা মন্ত্রণালয়ের

কর্মকর্তারা বলেছিলেন, নিয়মিত উপাচার্যের জন্য যোগ্য শিক্ষক খোঁজা হচ্ছে। প্রায় একই সময়ে মেয়াদ শেষ হওয়ায় রাজশাহী, উম্মুক্ত ও গাজীপুরের বহুবন্ধু পেশ মুন্সিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে নিয়মিত উপাচার্য নিয়োগ দেওয়া হয়।

শিকা মন্ত্রণালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তা প্রথম জগ্নোকে বলেন, তারা জানতে পেরেছেন, অতিরিক্ত দায়িত্ব হলেও ইলিয়াস উদ্দীন উপাচার্যের কক্ষে নামফলকে নিজেই উপাচার্য হিসেবে লিখেছেন। তিনি এটা করতে পারেন না।

কয়েক দিন আগে ইলিয়াস উদ্দীন মুঠোফোনে প্রথম জগ্নোকে বলেন, আমাকে তো আচার্যই নিয়োগ দিয়েছেন। তবে এতসো উপাচার্য হিসেবে (নাম) আমি লিখি না, রেজিস্ট্রার লেখেন। তা ছাড়া মন্ত্রণালয় থেকে মুদ্রা কাগজপত্র আসে, দেখানে তো উপাচার্য লেখা থাকে।

কবি নজরুল বিশ্ববিদ্যালয় : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে সদ্য প্রয়াত উপাচার্য খোন্দকার আশরাফ হোসেনের স্থলাভিষিক্ত হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের এক অধ্যাপক এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের (বর্তমানে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়) আরেক অধ্যাপকের নাম প্রস্তাব করতে যাচ্ছে শিকা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের দায়িত্বশীল একজন কর্মকর্তা গতকাল প্রথম জগ্নোকে বলেন, এ দুজনের একজনকে উপাচার্য করা হবে।